

১ মার্চ শুরু হচ্ছে এইচএসসির ফরম পূরণ, বেড়েছে ফি

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২২ ফেব্রুয়ারি ২০২৬, ০৮:৫৬



Advertisement: 0:41

২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফরম পূরণ আগামী ১ মার্চ থেকে শুরু হতে যাচ্ছে। জরিমানা ছাড়া অনলাইনে ফরম পূরণ চলবে ৯ মার্চ পর্যন্ত। তবে বিলম্ব ফিসহ ১১ থেকে ১৮ মার্চ পর্যন্ত ফরম পূরণের সুযোগ থাকবে। ঢাকা শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এই সময়সূচি ও নির্ধারিত

ফি'র তালিকা জানানো হয়েছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

ফি'র বিস্তারিত ও সময়সীমা

বিজ্ঞপ্তি অনুযায়ী, বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা-তিন বিভাগেই গত বছরের তুলনায় ফরম পূরণের ফি বেড়েছে ২১০ টাকা। এবার বিলম্ব ফি ছাড়া অনলাইনে টাকা জমা দেওয়া যাবে ১০ মার্চ পর্যন্ত। যারা নির্ধারিত সময়ে ফরম পূরণ করতে পারবেন না, তারা ১০০ টাকা বিলম্ব ফিসহ ১৮ মার্চ পর্যন্ত আবেদন ও ফি জমা দেওয়ার সুযোগ পাবেন। সোনালী সেবার মাধ্যমে এই ফি পরিশোধ করতে হবে।

বিভাগভেদে নির্ধারিত ফি'র তালিকা:

বিজ্ঞান শাখা: মোট ২ হাজার ৯৯৫ টাকা (বোর্ড ফি ২,১৪০ টাকা ও কেন্দ্র ফি ৮৫৫ টাকা)। গত বছর এই ফি ছিল ২,৭৮৫ টাকা।

মানবিক শাখা: মোট ২ হাজার ৪৩৫ টাকা (বোর্ড ফি ১,৯৪০ টাকা ও কেন্দ্র ফি ৪৯৫ টাকা)। গত বছর এই ফি ছিল ২,২২৫ টাকা।

ব্যবসায় শিক্ষা শাখা: মোট ২ হাজার ৪৩৫ টাকা (বোর্ড ফি ১,৯৪০ টাকা ও কেন্দ্র ফি ৪৯৫ টাকা)। গত বছর এই ফি ছিল ২,২২৫ টাকা।

শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য নির্দেশনা

বোর্ড জানিয়েছে, ২৮ ফেব্রুয়ারি সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। প্রতিষ্ঠানগুলোকে এই তালিকা থেকে সঠিক পরীক্ষার্থী নির্বাচন করতে হবে। কোনো শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছ থেকে ২৪ মাসের বেশি টিউশন ফি আদায় করতে পারবে না। এছাড়া নিজস্ব ব্যবস্থাপনায় মডেল টেস্ট নেওয়া গেলেও তা শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক করা যাবে না এবং এর জন্য অতিরিক্ত ফি নেওয়া নিষিদ্ধ করা হয়েছে।

পরীক্ষা ও সিলেবাস পদ্ধতি

২০২৬ সালের নিয়মিত পরীক্ষার্থীদের জন্য ওই বছরের পুনর্নির্ন্যাসকৃত পাঠ্যসূচি অনুসরণ করা হবে। তবে অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের ২০২৫ সালের সিলেবাসে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়ন বা মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে সব বিষয়ে পরীক্ষা দেওয়া বাধ্যতামূলক। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের শর্ত শিথিল করা হয়েছে।

এইচএসসি পরীক্ষা শুরু সূনির্দিষ্ট তারিখ পরবর্তী সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ঢাকা শিক্ষা বোর্ডের অফিশিয়াল ওয়েবসাইট থেকে সম্পন্ন করতে হবে।